উপজেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন

উপজেলা-শাল্লা, জেলা-সুনামগঞ্জ

পরিকল্পনা প্রণয়নে

উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, শাল্লা, সুনামগঞ্জ

সমন্বয়ে

VARD ভলান্টারী এসোসিয়েশন ফর রুরাল ডেভেলপমেন্ট (ভার্ড)

আগষ্ট ২০১৪

সার্বিক সহযোগিতায়

কম্প্রিহেন্সিভ ডিজাস্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম (সিডিএমপি ২)

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

UKaid from the British people | European Union | NORWEGIAN EMBASSY | SWEDEN | Australian Aid | UNDP Empowered lives. Resilient nations.

উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা

শাল্লা উপজেলা

২০১৪

উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি

শাল্লা উপজেলা

জেলাঃ সুনামগঞ্জ

বাণী

ভাটির দেশ হিসেবে সুনামগঞ্জ জেলাটি সর্বত্র পরিচিত। 'মৎস্য, পাথর, ধান সুনামগঞ্জের প্রাণ' এ প্রবাদটি সর্বজন স্বীকৃত। প্রাচীন কালীধর সাগর নামে পরিচিত হাওড়বেষ্টিত সুনামগঞ্জ জেলার শাল্লা উপজেলা অত্যন্ত দুর্যোগ ঝুঁকিপ্রবণ এলাকা। এখানকার মানুষের জীবন জীবিকার অন্যতম সঙ্গী হল কৃষি। এখানে উন্নয়নের মূল প্রতিবন্ধকতা হল বিভিন্ন প্রকারের দুর্যোগ। আগাম বন্যা এই উপজেলার প্রধান দুর্যোগ। এছাড়া, এ উপজেলার উল্লেখযোগ্য দুর্যোগসমূহ হল মৌসুমী বন্যা, কালবৈশাখী ঝড়, শিলাবৃষ্টি, খরা ইত্যাদি।

ভার্ড শাল্লা উপজেলায় সিডিএমপি ফেইজ-২ এর আর্থিক সহযোগিতায় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রকল্প বাস্তবায়ন করছে। এই প্রকল্পের আওতায় উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির মতামতের ভিত্তিতে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে যা অত্যন্ত বাস্তবসম্মত এবং সময়োপযোগী। এই পরিকলপনা শাল্লা উপজেলার দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আমি বিশ্বাস করি।

উক্ত দূর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি তৈরির সাথে সম্পৃক্ত সকলকে ধন্যবাদ জানাচ্ছি এবং দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রকল্পের সফল বাস্তবায়ন কামনা করি।

গনেন্দ্র চন্দ্র সরকার
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শাল্লা, সুনামগঞ্জ
ও
চেয়ারপারসন
উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
শাল্লা, সুনামগঞ্জ

বাণী

ভৌগলিক অবস্থান ও জলবায়ুর কারণে বিশ্বের মানচিত্রে বাংলাদেশ অন্যতম একটি দুর্যোগপ্রবণ দেশ। এদেশের প্রতিটি জেলাই কমবেশী দুর্যোগে আক্রান্ত হয়। এ জেলাগুলোর মধ্যে সুনামগঞ্জ জেলা অন্যতম। সুনামগঞ্জ হাওরবেষ্টিত নীচু ভূমি ও মেঘালয়ের পাদদেশে অবস্থিত একটি পিছিয়ে পড়া অনগ্রসর জেলা। ভাটির দেশ হিসেবে এ জেলাটি সর্বত্র পরিচিত। 'মৎস্য, পাথর, ধান সুনামগঞ্জের প্রাণ' এ প্রবাদটি সর্বজন স্বীকৃত। সুনামগঞ্জ জেলার শাল্লা উপজেলা অত্যন্ত দুর্যোগ ঝুঁকিপ্রবণ এলাকা। এখানকার মানুষের জীবন জীবিকার অন্যতম সঙ্গী হল কৃষি। এখানে উন্নয়নের মূল প্রতিবন্ধকতা হল বিভিন্ন প্রকারের দুর্যোগ। আগাম বন্যা এই উপজেলার প্রধান দুর্যোগ।

অতি বৃষ্টিপাতের ফলে মেঘালয়ের পাহাড়ি ঢল দারাইন নদী দিয়ে প্রবেশ করে মূলতঃ শাল্লায় আগাম বন্যার সৃষ্টি করে। এতে ঐ এলাকার বিভিন্ন হাওর যেমন, ছায়ার হাওর, কালিগোটার হাওর, গাছেরডর হাওর, বেড়াডহর হাওর, বাগুয়া হাওর, ভান্ডার হাওর ও পোড়ারপাড় হাওরের বোরো ফসল নষ্ট হয়। বর্ষা মৌসুম শুরু হওয়ার আগেই অর্থাৎ চৈত্র মাসের শেষের দিকে অথবা বৈশাখ মাসের প্রথম দিকে এ উপজেলায় আগাম বন্যা সংগঠিত হয়ে থাকে। এছাড়া, পলি পড়ে দারাইন নদী ভরাট হয়ে গিয়েছে। এজন্য দারাইন নদী ড্রেজিং করা প্রয়োজন। আগাম বন্যার হাত থেকে ফসল রক্ষার জন্য দ্রুত ফসল কেটে বাহনের অভাবে নিয়ে আসা যায় না। এতে কাটা ফসল পানিতে নষ্ট হয়। এক্ষেত্রে ট্রাক্টরের ব্যবস্থা করা গেলে সবখান থেকে ধান আনা নেয়া যাবে। পাহাড়ী ঢল ও প্রচন্ড বৃষ্টিপাতের ফলে আষাঢ় মাস হতে আশ্বিন মাস পর্যন্ত এ উপজেলায় মৌসুমী বন্যা হয়। বর্ষাকালে পুরো এলাকা পানিতে থৈ থৈ করে। তখন দূর থেকে দেখলে একেকটি গ্রামকে কচুরী পানার মতো মনে হয়। এসময় হাওরে বাতাসের কারণে ঢেউয়ের (আফাল) সৃষ্টি হয়। এতে ঘরবাড়ি, রাস্তাঘাট, ব্রীজ, কালভার্ট, পশু সম্পদ, শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় প্রতিষ্ঠান, গাছপালা ও বেরীবাধ ক্ষতিগ্রস্ত হয়। এছাড়া, নৌকাডুবিতেও প্রাণহাণী ঘটে। এ উপজেলায় সাধারণতঃ চৈত্র মাসের শেষ থেকে জ্যৈষ্ঠ মাসের প্রথম সপ্তাহ পর্যন্ত কালবৈশাখী ঝড় হয়। এর ফলে বোরো ফসল, ঘরবাড়ি, গবাদি পশু ও পাখি, গাছপালা এবং বনজ সম্পদ, বৈদ্যুতিক তার ও খুটি এবং শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয়। খাদ্য সংকট দেখা দেয়, নৌকা ও লঞ্চ ডুবি হয়ে জানমালের ক্ষতি হয় এবং গো খাদ্যের অভাব দেখা দেয়। এ উপজেলায় সাধারণতঃ ফাল্গুন মাসের শুরু থেকে বৈশাখ মাস পর্যন্ত খরা হয়। এতে বোরো ফসল, গবাদি পশু ও পাখি, গাছপালা এবং বনজ সম্পদ ক্ষতিগ্রস্ত হয়। খাদ্য সংকট দেখা দেয় এবং গো খাদ্যের অভাব দেখা দেয়। শাল্লার যোগাযোগ ব্যবস্থা বিশেষ করে রাস্তাঘাট নেই বললেই চলে। তাই এ উপজেলার রাস্তাঘাট তৈরি করা দরকার। এছাড়া, কমিউনিটি টয়লেট স্থাপন, কাটাখালিতে স্লুইজ গেট নির্মাণ এবং মাটির কেল্লা তৈরি করা প্রয়োজন। শাল্লার প্রতিটি ইউনিয়নে প্রায় প্রতিবছর দুর্যোগ হয় এবং জনসাধারণের জীবন ও জীবিকার উপর বিরূপ প্রভাব ফেলে। এতে বিভিন্ন প্রকারের উন্নয়ন প্রচেষ্টা বা উদ্যোগ ব্যহত হয়। এই উপজেলা প্রতিবছর দুর্যোগে পতিত হলেও উপজেলা পর্যায়ে কোন কর্মপরিকল্পনার প্রতিফলন দেখা যায়নি। ভার্ড শাল্লা উপজেলায় সিডিএমপি ফেইজ-২ এর আর্থিক সহযোগিতায় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রকল্প বাস্তবায়ন করছে এবং এই প্রকল্পের আওতায় উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির মতামতের ভিত্তিতে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন করছে জেনে আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি।

উক্ত দূর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি সংশ্লিষ্ট উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা কমিটির সহায়তায় বাস্তবতার নিরিখে প্রত্যন্ত গ্রাম অঞ্চলের লক্ষিত জনগোষ্ঠীর সম্পৃক্ততায় তৈরি, যার ফলে উপজেলার দূর্যোগের সঠিক চিত্র তুলে আনার চেষ্টা করা হয়েছে যা দূর্যোগ হ্রাসে বিশেষ ভূমিকা রাখবে বলে আমি আশা করছি।

দূর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের সাথে সম্পৃক্ত সকলের প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি এবং দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রকল্পের সফল বাস্তবায়ন কামনা করছি।

মোহাম্মদ আলতাফ হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
শাল্লা, সুনামগঞ্জ
ও
কো-চেয়ারপারসন
উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
শাল্লা, সুনামগঞ্জ

বাণী

ছায়ার হাওর ও ভান্ডার হাওরে অফুরন্ত মৎস্য ভান্ডারে পরিপূর্ণ শাল্লা উপজেলাবাসী বিশাল জলরাশির মাঝে সামান্য খরকুটুকে আশ্রয় করে মানুষ যেমন নিজেকে বাঁচানোর চেষ্টা করে তেমনি শাল্লা উপজেলার বিভিন্ন জনপদের মানুষগুলোর স্থানীয় কৌশলকে অবলম্বন করে দূর্যোগ মোকাবিলায় জলবায়ু পরিবর্তন রোধে ইতিবাচক ভূমিকা রেখে যাচ্ছে। তাদের এই ভূমিকাকে আরো বেগবান করার জন্য ভার্ড শাল্লা উপজেলায় সিডিএমপি ফেইজ-২ এর আর্থিক সহযোগিতায় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রকল্প বাস্তবায়ন করছে। এই প্রকল্পের আওতায় উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির মতামতের ভিত্তিতে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা কমিটির সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গ নিজ নিজ দায়িত্ব পালনের মাধ্যমে দূর্যোগের কারণে যে ক্ষতির সম্ভাবনা তার পরিমাণ অনেকাংশে কমিয়ে আনতে পারবেন বলে আমি বিশ্বাস করি। সেই কারণে উক্ত দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটির গুরুত্ব অপরিসীম।

যাহোক, দূর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের সাথে সম্পৃক্ত সকলকে ধন্যবাদ জানাচ্ছি এবং দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রকল্পের সফল বাস্তবায়ন কামনা করি।

মোঃ এরশাদুল আলম
প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
শাল্লা উপজেলা
সুনামগঞ্জ
ও
সদস্য সচিব
উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
শাল্লা, সুনামগঞ্জ

বাণী

হাওরবেষ্টিত নীচু ভূমি ও সবুজে ঘেরা মেঘালয়ের পাদদেশে অবস্থিত একটি পিছিয়ে পড়া অনগ্রসর জেলা সুনামগঞ্জ। প্রাকৃতিক দূর্যোগের সঙ্গে সখ্যতা গড়েই এই জেলার মানুষগুলো জীবন যাত্রার মান উন্নয়নের প্রাণান্তকর চেষ্টা করে যাচ্ছে। প্রকৃতির অপরুপ সৌন্দর্যের গৌরব যেমন এই এলাকার মানুষগুলোকে আলাদাভাবে মর্যাদায় আসীন করেছে তেমনি প্রকৃতির রুঢ়তা এই জনপদের মানুষগুলোকে বারবার উন্নয়নের ধারা থেকে পিছনে ঠেলে দিয়েছে। প্রাচীন কালীধর সাগর নামে পরিচিত হাওড়বেষ্টিত সুনামগঞ্জ জেলার শাল্লা উপজেলা অত্যন্ত দুর্যোগ ঝুঁকিপ্রবণ এলাকা। এখানকার মানুষের জীবন জীবিকার অন্যতম সঙ্গী হল কৃষি। এখানে উন্নয়নের মূল প্রতিবন্ধকতা হল বিভিন্ন প্রকারের দুর্যোগ। আগাম বন্যা এই উপজেলার প্রধান দুর্যোগ। এছাড়া, এ উপজেলার উল্লেখযোগ্য দুর্যোগসমূহ হল মৌসুমী বন্যা, কালবৈশাখী ঝড়, শিলাবৃষ্টি, খরা ইত্যাদি। প্রাকৃতিক দূর্যোগসমূহ প্রায়শই ভয়াবহ আকারে আঘাত হেনে জান-মাল ও সম্পদের ক্ষতি সাধন করে, যা শুধুমাত্র ব্যক্তি বা একটি সমাজের জনগোষ্ঠীকেই ক্ষতিগ্রস্ত করে না, জাতীয় আর্থনীতি ও সম্পদের অপূরণীয় ক্ষতি সাধন করে। দূর্যোগের ঝুকি ও ক্ষয়ক্ষতি কমিয়ে আনার জন্য সর্বাত্বক প্রচেষ্টা গ্রহণ সর্বাগ্রে প্রয়োজন একটি সঠিক পরিকল্পনা।

এরই ধারাবাহিকায় ভার্ড শাল্লা উপজেলায় সিডিএমপি ফেইজ-২ এর আর্থিক সহযোগিতায় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রকল্পের আওতায় উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা কমিটির সহায়তায় বাস্তবতার নিরিখে স্থানীয় জনগোষ্ঠীকে সঙ্গে নিয়ে দূর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা তৈরি করেছে। পরিকল্পনাটিতে যেসব তথ্য বিদ্যমান সেগুলো হল স্থানীয় এলাকা পরিচিতি- দূর্যোগের ইতিহাস, জনসংখ্যা, অবকাঠামো, দুর্যোগ, আপদ এবং বিপদাপন্নতা, দুর্যোগ ঝুঁকিহ্রাস-ঝুঁকির কারণ, ঝুঁকি নিরসনের উপায়, দুর্যোগ পূর্ব প্রস্তুতি, দুর্যোগকালীন প্রস্তুতি, দুর্যোগ পরবর্তী প্রস্তুতি, স্বাভাবিক সময়ে করণীয়, জরুরী সারা প্রদান, উদ্ধার ও পুনর্বাসন পরিকল্পনা ইত্যাদি। ইহা উপজেলার দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণে অগ্রণী ভূমিকা পালন করবে বলে আমি মনে করি।

দূর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের সাথে সংশ্লিষ্ট সকলকে আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি এবং কৃতজ্ঞতা প্রকাশ করছি। সেই সাথে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রকল্পের সফল বাস্তবায়ন কামনা করছি।

মোঃ রাজিব আহমেদ
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
সুনামগঞ্জ
ও
সদস্য সচিব
জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
সুনামগঞ্জ

সূচীপত্র

প্রথম অধ্যায়: স্থানীয় এলাকা পরিচিতি	পৃষ্ঠা নং
১.১ পটভূমি	৮
১. ২ পরিকল্পনার মূল উদ্দেশ্য	৮
১.৩ স্থানীয় এলাকা পরিচিতি	৯
১.৩.১ উপজেলার ভৌগলিক অবস্থান	৯
১.৩. ২ আয়তন	৯
১.৩.৩ জনসংখ্যা	১০
১.৪. অবকাঠামো ও অ-অবকাঠামো সংক্রান্ত তথ্য	১০
১.৪.১ অবকাঠামো	১০
১.৪.২ সামাজিক সম্পদ	১১
১.৪.৩ আবহাওয়া ও জলবায়ু	১৩
১.৪.৪ অন্যান্য	১৪
দ্বিতীয় অধ্যায়: দুর্যোগ, আপদ এবং বিপদাপন্নতা	
২.১ দুর্যোগের সার্বিক ইতিহাস	১৬
২.২ উপজেলার আপদসমুহ	১৮
২.৩ বিভিন্ন আপদ ও তার বর্তমান ও ভবিষ্যৎ চিত্র বর্ননা	১৮
২.৪ বিপদাপন্নতা ও সক্ষমতা	২৩
২.৫ সর্বাধিক বিপদাপন্ন এলাকা	২৫
২.৬ উন্নয়ন পরিকল্পনার প্রধান খাতসমুহ	২৫
২.৭ সামাজিক মানচিত্র	২৭
২.৮ আপদ ও ঝুঁকি মানচিত্র	২৭
২.৯ আপদের মৌসুমী দিনপঞ্জি	২৮
২.১০ জীবিকার মৌসুমী দিনপঞ্জি	৩০
২.১১ জীবন এবং জীবিকা সম্পর্কিত বিপদাপন্নতা	৩২
২.১২ খাতভিত্তিক আপদ ও ঝুঁকির বর্ননা	৩২
২.১৩ জলবায়ু পরিবর্তন এবং তার সম্ভাব্য প্রভাব	৩৪
তৃতীয় অধ্যায়: দুর্যোগঝুঁকি হ্রাস	
৩. ১ ঝুঁকির কারণসমূহ চিহ্নিতকরণ	৩৯
৩.২ ঝুঁকি নিরসনের উপায় চিহ্নিতকরণ	৩৯
৩.৩ এনজিওদের উন্নয়ন পরিকল্পনা	৪১
৩.৪ দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা	৪২
৩.৪.১ দুর্যোগ পূর্ব প্রস্তুতি	৪২
৩.৪.২ দুর্যোগ কালীন	৫০
৩.৪.৩ দুর্যোগ পরবর্তী	৫২
৩.৪.৪ স্বাভাবিক সময়ে/ ঝুঁকিহ্রাস সময়ে	৫৪
চতুর্থ অধ্যায়: জরুরী সাড়া প্রদান	
৪.১ জরুরী অপারেশন সেন্টার (EOC)	৫৬
৪.১.১ জরুরী কন্ট্রোল রুম পরিচালনা	৫৬
৪.২ আপদ কালীন পরিকল্পনা	৫৭
৪.২.১ স্বেচ্ছাসেবকদের প্রস্তুত রাখা	৫৮
৪.২.২ সতর্কবার্তা প্রচার	৫৮
৪.২.৩ জনগণকে অপসারণের ব্যবস্থাদি	৫৮
৪.২.৪ উদ্ধার ও প্রাথমিক চিকিৎসা প্রদান	৫৮
৪.২.৫ আশ্রয়কেদ্র রক্ষনাবেক্ষন	৫৯
৪.২.৬ নৌকা প্রস্তুত রাখা	৫৯
৪.২.৭ দুর্যোগের ক্ষয়ক্ষতি চাহিদা নিরুপন ও প্রতিবেদন প্রেরণ	৫৯
৪.২.৮ ত্রাণ কার্যক্রম সমন্বয় করা	৫৯

৪.২.৯ শুকনা খাবার, জীবন রাক্ষাকারী ঔষধ সংগ্রহ ও প্রস্তুত রাখা ৫৯
৪.২.১০ গবাদী পশুর চিকিৎসা/টিকা ৫৯
৪.২.১১ মহড়ার আয়োজন করা ৫৯
৪.২.১২ জরুরী কন্ট্রোল রুম (EOC) পরিচালনা ৬০
৪.২.১৩ আশ্রয়কেন্দ্র / নিরাপদ স্থানসমুহ ৬০
৪.৩ উপজেলার নিরাপদ স্থানসমুহের তালিকা ও বর্ননা ৬০
৪.৪ আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির গঠন ৬১
৪.৫ উপজেলার সম্পদের তালিকা (যা দুর্যোগকালে ব্যবহৃত হতে পারে) ৬৩
৪.৬ অর্থায়ন ৬৪
৪.৭ কর্ম পরিকল্পনা হালনাগাদ করণ ও পরীক্ষা করণ ৬৫

পঞ্চম অধ্যায়: উদ্ধার ও পুনর্বাসন পরিকল্পনা

৫.১ ক্ষয়ক্ষতি মূল্যায়ন ৬৭
৫.২ দ্রুত /আগাম পুনরুদ্ধার ৭২
৫.২.১ প্রশাসনিক পুনঃপ্রতিষ্ঠা ৭২
৫.২.২ ধ্বংসাবশেষ পরিষ্কার ৭২
৫.২.৩ জনসেবা পুনরারম্ভ ৭২
৫.২.৪ জরুরী জীবিকা সহায়তা ৭২
সংযুক্তি ১ আপদকালীন পরিকল্পনা বাস্তবায়নের চেকলিষ্ট ৭৩
সংযুক্তি ২ উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ৭৪
সংযুক্তি ৩ ইউনিয়ন স্বেচ্ছাসেবকদের তালিকা ৭৬
সংযুক্তি ৪ আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির তালিকা ৮০
সংযুক্তি ৫ এক নজরে উপজেলা ৮২
সংযুক্তি ৬ বাংলাদেশ বেতারে প্রচারিত কয়েকটি গুরুত্বপূর্ণ অনুষ্ঠান সূচী ৮৩
সংযুক্তি ৭ সামাজিক মানচিত্র ৮৪
সংযুক্তি ৮ ঝুঁকি মানচিত্র ৮৫
সংযুক্তি ৯ নিরাপদ মানচিত্র ৮৬
সংযুক্তি ১০ হাটবাজারের তালিকা ৮৭
সংযুক্তি ১১ স্কুল, কলেজ ও মাদ্রাসার তালিকা ৮৮
সংযুক্তি ১২ স্বাস্থ্য সেবাকেন্দ্রের তালিকা ৯৯
সংযুক্তি ১৩ বিলের তালিকা ১০০
সংযুক্তি ১৪ বিভিন্ন পেশাজীবী সমবায় সমিতির তালিকা ১০৫
সংযুক্তি ১৫ উপজেলার জনপ্রতিধিদের তালিকা ১১৫
সংযুক্তি ১৬ ওয়ার্ডভিত্তিক ক্ষতিগ্রস্ত কৃষকের সংখ্যা ১১৬
সংযুক্তি ১৭ দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন বিষয়ক কর্মশালার প্রতিবেদন ১১৭
সংযুক্তি ১৮ দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা বৈধকরণ সভার প্রতিবেদন ১২১

প্রথম অধ্যায়: স্থানীয় এলাকা পরিচিতি

১.১ পটভূমি

দুর্যোগের স্থায়ী আদেশাবলীতে ঝুঁকিহ্রাস ও আপদকালীন পরিকল্পনাকে অন্তর্ভূক্ত করে জেলা, উপজেলা, পৌরসভা ও সিটি কর্পোরেশন পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা প্রণয়নের সুপারিশ করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা বিষয়টি সিডিএমপি খুবই গুরুত্বের সাথে নিয়েছে। পরিকল্পনার স্থায়ীত্বশীলতা ও কার্যকারিতা, নিবিড় এবং ফলাফলধর্মী কর্মপদ্ধতি, সংশ্লিষ্ট সংগঠন, প্রতিষ্ঠান ও জনগোষ্ঠীর অংশগ্রহণের উপর নির্ভরশীল। দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা ৩-৫ বছরের জন্য প্রণয়ন করা হয়েছে।

ভৌগলিক অবস্থান ও জলবায়ুর কারণে বিশ্বের মানচিত্রে বাংলাদেশ অন্যতম একটি দুর্যোগপ্রবণ দেশ। এদেশের প্রতিটি জেলাই কমবেশী দুর্যোগে আক্রান্ত হয়। এ জেলাগুলোর মধ্যে সুনামগঞ্জ জেলা অন্যতম। সুনামগঞ্জ হাওরবেষ্টিত নীচু ভূমি ও মেঘালয়ের পাদদেশে অবস্থিত একটি পিছিয়ে পড়া অনগ্রসর জেলা। ভাটির দেশ হিসেবে এ জেলাটি সর্বত্র পরিচিত। 'মৎস, পাথর, ধান সুনামগঞ্জের প্রাণ' এ প্রবাদটি সর্বজন স্বীকৃত।

সুনামগঞ্জ জেলার শাল্লা উপজেলা অত্যন্ত দুর্যোগ ঝুঁকিপ্রবণ এলাকা। এখানকার মানুষের জীবন জীবিকার অন্যতম সঙ্গী হল কৃষি। এখানে উন্নয়নের মূল প্রতিবন্ধকতা হল বিভিন্ন প্রকারের দুর্যোগ। আগাম বন্যা এই উপজেলার প্রধান দুর্যোগ। অতি বৃষ্টিপাতের ফলে মেঘালয়ের পাহাড়ি ঢল দারাইন নদী দিয়ে প্রবেশ করে মূলতঃ শাল্লায় আগাম বন্যার সৃষ্টি করে। এতে ঐ এলাকার বিভিন্ন হাওর যেমন, ছায়ার হাওর, কালিগোটার হাওর, গাছেরডর হাওর, বেড়াডহর হাওর, বাগুয়া হাওর, ভান্ডার হাওর ও পোড়ারপাড় হাওরের বোরো ফসল নষ্ট হয়। বর্ষা মৌসুম শুরু হওয়ার আগেই অর্থাৎ চৈত্র মাসের শেষের দিকে অথবা বৈশাখ মাসের প্রথম দিকে এ উপজেলায় আগাম বন্যা সংগঠিত হয়ে থাকে। এছাড়া, পলি পড়ে দারাইন নদী ভরাট হয়ে গিয়েছে। এজন্য দারাইন নদী ড্রেজিং করা প্রয়োজন। আগাম বন্যার হাত থেকে ফসল রক্ষার জন্য দ্রুত ফসল কেটে বাহনের অভাবে নিয়ে আসা যায় না। এতে কাটা ফসল পানিতে নষ্ট হয়। এক্ষেত্রে ট্রাক্টরের ব্যবস্থা করা গেলে সবখান থেকে ধান আনা নেয়া যাবে। পাহাড়ী ঢল ও প্রচন্ড বৃষ্টিপাতের ফলে আষাঢ় মাস হতে আশ্বিন মাস পর্যন্ত এ উপজেলায় মৌসুমী বন্যা হয়। বর্ষাকালে পুরো এলাকা পানিতে থৈ থৈ করে। তখন দূর থেকে দেখলে একেকটি গ্রামকে কচুরী পানার মতো মনে হয়। এসময় হাওরে বাতাসের কারণে ঢেউয়ের (আফাল) সৃষ্টি হয়। এতে ঘরবাড়ি, রাস্তাঘাট, ব্রীজ, কালভার্ট, পশু সম্পদ, শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় প্রতিষ্ঠান, গাছপালা ও বেরীবাধ ক্ষতিগ্রস্ত হয়। এছাড়া, নৌকাডুবিতেও প্রাণহাণী ঘটে। এ উপজেলায় সাধারণতঃ চৈত্র মাসের শেষ থেকে জ্যৈষ্ঠ মাসের প্রথম সপ্তাহ পর্যন্ত কালবৈশাখী ঝড় হয়। এর ফলে বোরো ফসল, ঘরবাড়ি, গবাদি পশু ও পাখি, গাছপালা এবং বনজ সম্পদ, বৈদ্যুতিক তার ও খুটি এবং শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয়। খাদ্য সংকট দেখা দেয়, নৌকা ও লঞ্চ ডুবি হয়ে জানমালের ক্ষতি হয় এবং গো খাদ্যের অভাব দেখা দেয়। এ উপজেলায় সাধারণতঃ ফাল্গুন মাসের শুরু থেকে বৈশাখ মাস পর্যন্ত খরা হয়। এতে বোরো ফসল, গবাদি পশু ও পাখি, গাছপালা এবং বনজ সম্পদ ক্ষতিগ্রস্ত হয়। খাদ্য সংকট দেখা দেয় এবং গো খাদ্যের অভাব দেখা দেয়। শাল্লার যোগাযোগ ব্যবস্থা বিশেষ করে রাস্তাঘাট নেই বললেই চলে। তাই এ উপজেলার রাস্তাঘাট তৈরি করা দরকার। এছাড়া, কমিউনিটি টয়লেট স্থাপন, কাটাখালিতে স্লুইজ গেট নির্মাণ এবং মাটির কেল্লা তৈরি করা প্রয়োজন। শাল্লা উপজেলার প্রতিটি ইউনিয়নে প্রায় প্রতিবছর দুর্যোগ হয় এবং জনসাধারণের জীবন ও জীবিকার উপর বিরূপ প্রভাব ফেলে। এতে বিভিন্ন প্রকারের উন্নয়ন প্রচেষ্টা বা উদ্যোগ ব্যহত হয়। এই উপজেলা প্রতিবছর দুর্যোগে পতিত হলেও উপজেলা পর্যায়ে কোন কর্মপরিকল্পনার প্রতিফলন দেখা যায়নি। সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনার অংশ হিসেবে এই দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি শাল্লা উপজেলার জন্য প্রণয়ন করা হয়েছে।

১.২ পরিকল্পনার মূল উদ্দেশ্য

- পরিবার ও সমাজ পর্যায়ে দুর্যোগের ঝুঁকি সম্পর্কে গণসচেতনতা সৃষ্টি ও সকল প্রকার ঝুঁকি হ্রাসকরণে পরিবার, সমাজ, ইউনিয়ন পরিষদ, উপজেলা ও জেলা প্রশাসন পর্যায়ে বাস্তবসম্মত উপায় উদ্ভাবন করা।
- স্থানীয় উদ্যোগে যথাসম্ভব স্থানীয় সম্পদ ব্যবহারের মাধ্যমে ঝুঁকি হ্রাসকরণ ও ব্যবস্থাদির বাস্তবায়ন পদ্ধতির উন্নয়ন সাধন।
- অপসারণ, উদ্ধার, চাহিদা নিরূপণ এবং ত্রাণ ও তাৎক্ষণিক পুনর্বাসন ব্যবস্থার জন্য স্থানীয়ভাবে প্রণীত পরিকল্পনার অনুশীলন ও প্রয়োগ।
- একটি নির্দিষ্ট এলাকা ও নির্দিষ্ট সময়ের জন্য কৌশলগত দলিল তৈরি করা।
- দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ও সংশ্লিষ্ট সেক্টরের (সরকারি, আন্তর্জাতিক ও জাতীয় এনজিও, দাতা ইত্যাদি) জন্য একটি সার্বিক পরিকল্পনা হিসেবে কাজ করবে।
- দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট অংশীদারদের পরিকল্পনা প্রণয়নে ও বাস্তবায়নে নির্দেশনা প্রদান করে।
- সংশ্লিষ্ট কমিউনিটির দুর্যোগ পরিকল্পনায় আন্তরিক অংশগ্রহণ, কার্যকর অংশীদারিত্ব ও মালিকানাবোধ জাগ্রত করা।

১.৩ স্থানীয় এলাকা পরিচিতি

১.৩.১. উপজেলার ভৌগলিক অবস্থান:

শাল্লা উপজেলাটি বাংলাদেশের উত্তর-পূর্বে অবস্থিত সিলেট বিভাগের অন্তর্গত হাওরবেষ্টিত সুনামগঞ্জ জেলায় অবস্থিত । এর উত্তর-পশ্চিমে নেত্রকোণা জেলার খালিয়াজুড়ি উপজেলা, উত্তর-পুর্বে সুনামগঞ্জ জেলার দিরাই উপজেলা, দক্ষিণ-পূর্বে হবিগঞ্জ জেলার আজমিরিগঞ্জ উপজেলা, দক্ষিণ-পশ্চিমে কিশোরগঞ্জ জেলার ইটনা উপজেলা অবস্থিত। সিলেট বিভাগীয় শহর হতে সুনামগঞ্জ জেলা শহরের দূরত্ব ৬৯ কিলোমিটার এবং সুনামগঞ্জ জেলা শহর হতে শাল্লা উপজেলার দূরত্ব ৬৩ কিলোমিটার। এ উপজেলায় মোট ৬ টি নদী, ১২১ টি খাল, ৯১.১০ কিলোমিটার বাঁধ এবং ১৩৭ কিলোমিটার রাস্তা রয়েছে। উপজেলার মোট আয়তন ২৬৩ বর্গ কিলোমিটার। এ উপজেলার মাটির প্রকৃতি এটেল, এটেল দো-আঁশ এবং দো-আঁশ । উপজেলার বেশিরভাগ বসতভিটা এটেল মাটির এবং আবাদি জমি এটেল দো-আঁশ এবং দো-আঁশ মাটির যার উর্বরতা শক্তি বেশি। সেচের খাল ও পুকুর পাড়ের মাটি এটেল দো-আঁশ প্রকৃতির এবং রাস্তাঘাটের মাটির প্রকৃতি এটেল ও দো-আঁশ। এ উপজেলায় কোন খনিজ সম্পদ নেই।

১.৩.২ আয়তন

শাল্লা উপজেলার মোট আয়তন ২৬৩ বর্গ কিলোমিটার। এ উপজেলার অন্তর্গত মোট ৪ টি ইউনিয়ন, ৬৮ টি মৌজা এবং ১২১ টি গ্রাম রয়েছে।

উপজেলা	ইউনিয়নের নাম	মৌজার ষংখ্যা	ইউনিয়ন ভিত্তিক মৌজার নাম
শাল্লা	আটগাঁও	১৬	মির্জাপুর, নিজগাঁও, নিয়াকতপুর, রাহুতলা, বড়গাঁও, ইরারাবাদ, কাশিপুর, বাঘমারা, শরিফপুর, দাউদপুর, আনন্দপুর, ভাটিমামুদনগর, পুটকা, আটগাঁও, সমপুর ও খলাগাঁও।
	বাহাড়া	১৬	পোড়ারপাড়, প্রতাপপুর, লক্ষ্মীপাশা, পাচবর্মা, রুপশা, সোদানখলা, বাটগাঁও, পিরোজপুর, মোসাপুর, মেদা, গুজিয়ারগাঁও, ডোমরা, কান্দখলা, গুজীয়ারচক, মোক্তারপুর ও সুলতানপুর।
	হবিবপুর	১৯	নিয়ামতপুর, জয়পুর, চাকুয়া, কাশীপুর, হাবিবপুর, নোয়াগাঁও, পুটকা, কলাপাড়া, জাতগাঁও, ব্রাক্ষণগাঁও, নারকিলা, ছত্রিশ, মশাকূলী, শরেশপুর, বিলপুর, দত্তপাড়া, আগুয়াই পশ্চিম নিয়ামতপুর ও নারায়নপুর।
	শাল্লা	১৭	কান্দিগাঁও, ইয়ারাবাধ, কেরুহালা, আদিত্যপুর, গোহায়ানী, ইসলামপুর, গোবিন্দপুর, রোয়া, নোওয়াগাঁও, ছব্বিশা, সহদেবপুর, মনোয়া, শ্রীহাইল, মোমেনপুর, হুসেনপুর, বেড়ামহনা ও শাল্লা।
মোট	**০৪**	**৬৮**	

উৎসঃ উপজেলা ভূমি অফিস, শাল্লা।

১.৩.৩ জনসংখ্যা

শাল্লা উপজেলার মোট জনসংখ্যা ১১৩৭৪৩ এর মধ্যে পুরুষ ৫৭৩১৬ জন এবং মহিলা ৫৬৪২৭ জন।

ইউনিয়নের নাম	পুরুষ	মহিলা	শিশু (০-১৫)	বৃদ্ধ (৬০+)	প্রতিবন্ধি	মোট জনসংখ্যা	পরিবার/খানা	ভোটার
আটগাঁও	১৫৯৬২	১৫৫০৪	১৩৪৬৭	২৩৯১	৩৩৬	৩১৪৬৬	৫৪৮৫	১৯৪৩৮
বাহাড়া	১৩৭৩৯	১৩৭৭৬	১০০৪৩	২৫৩১	৫৫২	২৭৫১৫	৫০৮৪	১৭৬৪৯
হবিবপুর	১৪৭৯৫	১৪৭৩৯	১৩০৫৪	২৫৬৯	২৪৬	২৯৫৩৪	৫৩৭৯	১৮৩১৮
শাল্লা	১২৮২০	১২৪০৮	১০২৬৮	২০৯৪	২৩৩	২৫২২৮	৪৩৫১	১৫৫০১
মোট	**৫৭৩১৬**	**৫৬৪২৭**	**৪৬৮৩২**	**৯৫৮৫**	**১৩৬৭**	**১১৩৭৪৩**	**২০২৯৯**	**৭০৯০৬**

উৎসঃ জনসংখ্যা জরীপ, ২০১১, জেলা সমাজসেবা অধিদপ্তর, জেলা নির্বাচন কমিশন অফিস, সুনামগঞ্জ।

১.৪ অবকাঠামো ও অ-অবকাঠামো সংক্রান্ত তথ্যগুলোর সংক্ষিপ্তভাবে বর্ননা থাকতে হবে

১.৪.১ অবকাঠামো

বাঁধ

শাল্লা উপজেলায় মোট ৯ টি বাঁধ রয়েছে যার দৈর্ঘ্য মোট ৯১.১০ কিলোমিটার। বাঁধগুলো হল ছায়ার হাওর বাঁধ, কালিগোটার বাঁধ, ভান্ডার বাঁধ, গাছেরডর বাঁধ, বেড়াডহর বাঁধ, বাগুয়া বাঁধ, পোড়ারপাড় বাঁধ, মনুয়া বাঁধ এবংকানকনা-দারাইন নদী-তাজপুর বাঁধ। বাঁধগুলোর গড় উচ্চতা (রিডিউস লেভেল) ৫.৫-৬ মিটার । প্রতিবছর বর্ষায় বাঁধগুলো কমবেশী ক্ষতিগ্রস্ত হয়। এজন্য প্রতিবছরই বাঁধগুলো সংস্কারের প্রয়োজন পড়ে। **উৎসঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সুনামগঞ্জ।**

স্লুইচ গেট

শাল্লা উপজেলায় ৩ টি হাওরে মোট ৩ টি স্লুইচ গেট রয়েছে, প্রথমটি, রৌয়ার হাওরের চামতী নদীর উপর স্থাপিত, দ্বিতীয়টি, আটগাঁও ইউনিয়নের রতনখালীর দারাইন নদীর উপর স্থাপিত, তৃতীয়টি, বাহারা ইউনিয়নের মাহতীর দারাইন নদীর উপর স্থাপিত। এর মধ্যে প্রথম ২ টি স্লুইচ গেট সচল রয়েছে এবং তৃতীয় স্লুইচ গেটটি বিকল । **উৎসঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সুনামগঞ্জ।**

ব্রীজ

শাল্লা উপজেলায় মোট ৬ টি ব্রীজ রয়েছে। এগুলো স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর আওতাধীন। এর মধ্যে ৬ টি ব্রীজই পাকা। এর মধ্যে ৫টি ব্রীজই সচল রয়েছে। এবং মিলন বাজার হতে ঘুঙ্গিয়ারগাঁও রাস্তায় দারাইন নদীর উপর ঘুঙ্গিয়ারগাঁওর কাজ চলমান রয়েছে। শাল্লা উপজেলার ব্রীজ এর তালিকা নিম্নরূপ। **উৎসঃ স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), শাল্লা।**

ক্র/নং	ব্রীজের নাম	কোন নদী বা খালের উপরে	কাজ করে কি-না	মন্তব্য
১.	আঙ্গাউড়া (মিলন বাজার – ঘুঙ্গিয়ারগাঁও রাস্তায়)	আঙ্গাউড়া খাল	করে	
২.	ঘুঙ্গিয়ারগাঁও (মিলন বাজার – ঘুঙ্গিয়ারগাঁও রাস্তায়)	দারাইন নদী	-	কাজ চলমান রয়েছে
৩.	বাহারা (ঘুঙ্গিয়ারগাঁও বাজার –বাহারা রাস্তায়)	দারাইন নদী	করে	
৪.	আনন্দপুর (মিলন বাজার – ঘুঙ্গিয়ারগাঁও রাস্তায়)	আনন্দপুর খাল	করে	
৫.	রঘুনাথপুর (হবিবপুর ইউপি – রঘুনাথপুর রাস্তায়)	রঘুনাথপুর খাল	করে	
৬.	শাল্লা (ঘুঙ্গিয়ারগাঁও – শাল্লা বাজার রাস্তায়)	শাল্লা বাজার সংলগ্ন খাল	করে	

কালভার্ট
শাল্লা উপজেলায় মোট ৬২ টি কালভার্ট রয়েছে। এগুলো স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর আওতাধীন। এর মধ্যে ৩৯ টি কালভার্ট সচল রয়েছে এবং বাকি ২৩ টি কালভার্ট বিকল অবস্থায় রয়েছে। **উৎসঃ স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), শাল্লা।**

রাস্তা
শাল্লা উপজেলায় মোট ১৩৭ কি.মি. রাস্তা রয়েছে। এর মধ্যে ২.৭২ কি.মি. পাকা রাস্তা, ১৩৪.২৮ কি.মি. কাঁচা রাস্তা রয়েছে তবে এখানে কোন এইচবিবি রাস্তা নেই। রাস্তাগুলোর গড় উচ্চতা ৪ ফুট। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, উপজেলার কোন রাস্তা বন্যা ঝুঁকিমুক্ত নয়। উপজেলায় মোট ১৩৭ কি.মি. রাস্তার মধ্যে ২.৭২ কি.মি. রাস্তা বন্যা ঝুঁকিমুক্ত। **উৎসঃ স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), শাল্লা।**

সেচ ব্যবস্থা
শাল্লা উপজেলায় কোন গভীর নলকূপ নেই। এ উপজেলায় মোট ১৫২১ টি অগভীর নলকূপ বা শ্যালো মেশিন রয়েছে। এর মধ্যে ১১ টি বিদ্যুৎচালিত এবং ১৫১০ টি ডিজেলচালিত। এছাড়া, এ উপজেলায় কোন Low Leap Pump (LLP) এবং হস্তচালিত নলকূপ নেই। তবে কিছু ঐতিহ্যগত সেচযন্ত্র রয়েছে। এগুলো হল দোন ও সেওতি। এখানে প্রায় ৩০০০ দোন ও সেওতি রয়েছে যা দিয়ে ৫০৩৩ হেক্টর কৃষি জমি সেচ দেয়া হয়। উপজেলার ২২,৭১৩ হেক্টর কৃষি জমির মধ্যে ১৩৮৩৭ হেক্টর জমি সেচের আওতায় রয়েছে। এখনও ৮৮৭৬ হেক্টর কৃষি জমি সেচের আওতার বাইরে রয়েছে। **উৎসঃ উপজেলা কৃষি অফিস, শাল্লা।**

হাটবাজার
শাল্লা উপজেলায় মোট ৯ টি হাটবাজার রয়েছে। হাটবাজারগুলো উপজেলার ৪ টি ইউনিয়নের ৯ টি গ্রামে বিদ্যমান। হাটবাজারগুলো সপ্তাহের বিভিন্ন বারে বসে। উপজেলার ৯ টি হাটবাজারে মোট ১০৪০ টি দোকান এবং ৯ টি সমিতি রয়েছে। শাল্লা উপজেলার হাটবাজারের তালিকা সংযুক্তি-১০ এ যুক্ত করা হল। **উৎসঃ উপজেলা পরিসংখ্যান অফিস, শাল্লা।**

১.৪.২ সামাজিক সম্পদ

ঘরবাড়ি
শাল্লা উপজেলায় বিভিন্ন ধরনের ঘরবাড়ি দেখা যায়। এর মধ্যে কাঁচা, পাকা, আধাপাকা, ছনের এবং টিনের ঘর উল্লেখযোগ্য। কাঁচাঘর সাধারণতঃ মাটি, টিন, ছন, ইকর, বাঁশ ইত্যাদি উপকরণ দিয়ে তৈরি করা হয়। পাকা ঘর তৈরি করা হয় ইট, বালি, সিমেন্ট, রড, পাথর ইত্যাদি দিয়ে। আবার আধাপাকা ঘর ইট, বালি, সিমেন্ট, রড ও টিন দিয়ে তৈরি করা হয়। এছাড়া, ছনের ঘর ছন ও ইকর বেড়া দিয়ে এবং টিনের ঘর টিন, কাঠ ও লোহা দিয়ে তৈরি করা হয়। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, উপজেলায় মোট ৩৭,২৮৮ টি ঘর রয়েছে যার মধ্যে ৩৩,৬২৩ টি ঘর কাঁচা এবং ৩,৬৬৫ টি ঘর পাকা। **উৎসঃ উপজেলা পরিসংখ্যান অফিস, শাল্লা।**

পানি
শাল্লা উপজেলায় খাবার পানির উৎসগুলো হল নলকূপ, নদীনালা, খালবিল, পুকুর, বৃষ্টির পানি ইত্যাদি। এ জেলায় মোট ২১০৯ টি নলকূপ রয়েছে। এর মধ্যে ২০৭০ টি নলকূপ সচল ও ৩৯ টি নলকূপ বিকল। ১০৫ টি নলকূপ বন্যা লেভেলের উপরে স্থাপন করা হয়েছে। ফলে নলকূপগুলো বন্যার সময়ে ব্যবহার উপযোগী থাকে। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, এ উপজেলায় ৫৫% অধিবাসী নলকূপের পানি ব্যবহার করে। **উৎসঃ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, শাল্লা।**

পয়ঃনিস্কাশন ব্যবস্থা
শাল্লা উপজেলায় মোট ১৮,২২৫ টি পায়খানা রয়েছে এর মধ্যে ১৬,৯৪০ টি ঝুলন্ত পায়খানা এবং ১,২৮৫ টি স্বাস্থ্যসম্মত পায়খানা রয়েছে। উল্লেখ্য, অত্র উপজেলায় ৩৮১৬ টি পরিবার কোন পায়খানা ব্যবহার করে না অর্থাৎ যেখানে সেখানে মলমূত্র ত্যাগ করে। উপজেলার ১,২৮৫ টি স্বাস্থ্যসম্মত পায়খানার মধ্যে ২০ টি স্বাস্থ্যসম্মত পায়খানা বন্যা লেভেলের উপরে স্থাপন করায় পায়খানাগুলো বন্যার সময়ে ব্যবহার উপযোগী থাকে। শাল্লা উপজেলায় ২৩.৮২% অধিবাসী স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহার করে। **উৎসঃ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, শাল্লা।**

শিক্ষা প্রতিষ্ঠান/পাঠাগার
শাল্লা উপজেলায় মোট ১২৮ টি শিক্ষা প্রতিষ্ঠানে ৪৮০ জন শিক্ষক শিক্ষিকা তত্ত্বাবধানে মোট ১৮.৫৭৭ জন শিক্ষার্থী পড়াশুনা করছে। এর মধ্যে মোট ১০৩ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৩৬৯ জন শিক্ষক শিক্ষিকা কর্মরত রয়েছেন। এতে ১২,৯০৬ জন শিক্ষার্থী পড়াশুনা করছে। এছাড়া, উপজেলার মোট ১১ টি বেসরকারি উচ্চ বিদ্যালয়ে ৬৯ জন শিক্ষক শিক্ষিকার তত্ত্বাবধানে ৪০২০ জন শিক্ষার্থী পড়াশুনা করছে। উপজেলার মোট ২ টি মাদ্রাসায় ১৪ জন শিক্ষক শিক্ষিকা কর্মরত রয়েছেন। এতে ৭৬৬ জন শিক্ষার্থী পড়াশুনা করছে। উল্লেখ্য যে, অত্র উপজেলায় মোট ২ টি বেসরকারি কলেজ রয়েছে যেখানে ১৩ জন শিক্ষক শিক্ষিকার তত্ত্বাবধানে ৪০২ জন শিক্ষার্থী পড়াশুনা করছে। এছাড়া, উপজেলার মোট ৯ টি ব্র্যাক স্কুল ৯ জন শিক্ষক শিক্ষিকা কর্মরত রয়েছেন। এতে ২৭০ জন শিক্ষার্থী পড়াশুনা

করছে। উপজেলার ১ টি কমিউনিটি স্কুলে ৩ জন শিক্ষক শিক্ষিকার তত্ত্বাবধানে ১৫০ জন শিক্ষার্থী পড়াশুনা করছে। উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা সংযুক্তি-১১ এ যুক্ত করা হল। **উৎসঃ উপজেলা প্রাথমিক ও উচ্চ মাধ্যমিক অফিস, শাল্লা।**

ধর্মীয় প্রতিষ্ঠান

শাল্লা উপজেলায় মোট ৮৫ টি ধর্মীয় প্রতিষ্ঠান রয়েছে। এর মধ্যে ৪৭ টি মসজিদ, ৩৮ টি মন্দির রয়েছে তবে এ উপজেলায় কোন গীর্জা নেই। **উৎসঃ উপজেলা পরিসংখ্যান অফিস, শাল্লা।**

ধর্মীয় জমায়েত স্থান (ঈদগাঁহ)

শাল্লা উপজেলায় মোট ৫ টি ধর্মীয় জমায়েত স্থান (ঈদগাহ) রয়েছে। ঈদগাহগুলো ঘুঙ্গিয়ারগাঁও, শাল্লা, নাসিরপুর, মির্জাপুর ও উজানগাঁও এ অবস্থিত। **উৎসঃ উপজেলা পরিসংখ্যান অফিস, শাল্লা।**

স্বাস্থ্য সেবা

শাল্লা উপজেলায় ১ টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ২ টি স্বাস্থ্য ও পরিবার কল্যাণকেন্দ্র এবং ১৩ টি কমিউনিটি ক্লিনিক রয়েছে। ১৩ টি কমিউনিটি ক্লিনিকের মধ্যে ৮ টি চালু রয়েছে কিন্তু বাকি ৫ টি সম্পূর্ণরূপে বন্ধ রয়েছে। এ উপজেলায় কোন বেসরকারি স্বাস্থ্যসেবা কেন্দ্র নেই। উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণকেন্দ্র উপজেলা হেডকোয়ার্টার (বাহাড়া ইউনিয়নে) অবস্থিত। এখানে ৩ জন ডাক্তার ও ৫ জন নার্স রয়েছে। উপজেলার স্বাস্থ্যসেবা কেন্দ্রের তালিকা সংযুক্তি- ১২ এ যুক্ত করা হল। **উৎসঃ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শাল্লা।**

ব্যাংক

শাল্লা উপজেলায় মোট ৩ টি ব্যাংক রয়েছে। এর মধ্যে বাংলাদেশ কৃষি ব্যাংক, সোনালী ব্যাংক এবং গ্রামীণ ব্যাংক বাহাড়া ইউনিয়নের ঘুঙ্গিয়ারগাঁও-এ অবস্থিত। ব্যাংকগুলো এখানে কৃষিঋণ, ব্যবসা ঋণ, ক্ষুদ্রঋণ, আমানত সংগ্রহ ইত্যাদি সেবা প্রদান করে থাকে। **উৎসঃ উপজেলা পরিসংখ্যান অফিস, শাল্লা।**

পোস্ট অফিস

শাল্লা উপজেলায় মোট ৪ টি পোস্ট অফিস রয়েছে। পোস্ট অফিসগুলো ঘুঙ্গিয়ারগাঁও, আনন্দপুর, শাল্লা ও শ্রীহাইলে অবস্থিত। পোস্ট অফিসগুলো এখানে চিঠি ও পার্সেল আদান প্রদান, রেভিনিউ ও জুডিশিয়াল স্ট্যাম্প বিক্রয়, পোস্টাল অর্ডার, মানি ট্রান্সফার ইত্যাদি সেবা প্রদান করে থাকে। **উৎসঃ উপজেলা পোস্ট অফিস, শাল্লা ।**

ক্লাব/সাংস্কৃতিক কেন্দ্র

শাল্লা উপজেলায় মোট ২টি ক্লাব/সাংস্কৃতিক কেন্দ্র রয়েছে। ক্লাব/সাংস্কৃতিক কেন্দ্রগুলো আটগাঁও ও হবিবপুরে অবস্থিত। ক্লাব/সাংস্কৃতিক কেন্দ্রগুলো এখানে বিভিন্ন রকমের সমাজসেবা ও উন্নয়নমূলক কাজে সহায়তা করছে। **উৎসঃ উপজেলা পরিসংখ্যান অফিস, শাল্লা।**

এন জি ও/স্বেচ্ছাসেবী সংস্থাসমূহ

ক্রমিক নং	এনজিও	কি বিষয়ে তারা কাজ	উপকারভোগীর সংখ্যা	প্রকল্প গুলোর মেয়াদকাল
১	ইরা	শরীক-স্থানীয় সরকার সুশাসন প্রতিষ্টা	৩৫০০	নভেম্বর, ২০০৬-আগষ্ট, ২০২১ পর্যন্ত
২	ব্র্যাক	WASH	২২০০	ফেব্রুয়ারী, ২০১২ – ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত
		ব্র্যাক শিক্ষা	২৭০	ফেব্রুয়ারী, ২০১৩ – ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত
৩	আশা	ক্ষুদ্রঋণ	১৮০০	চলমান
৪	ডাস্কো বাংলাদেশ	water and sanitasion	৩৫০০	জানুয়ারি, ২০১১-ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত
৫	আইডিয়া	কৃষি সহায়তা (প্রশিক্ষণ সচেতনতামূলক)	১১০০ পরিবার	নভেম্বর, ২০১৩ – জুন, ২০১৪ পর্যন্ত
৬	ইসালামিক রিরিফ	ECCADR Project	৪০০	জুলাই, ২০১৩ – জুন, ২০১৬ পর্যন্ত
৮	Friends In Village Development	MNHI (মা ও শিশু স্বাস্থ্য)	৫৫৩৯৯	মে, ২০১৩- অক্টোবর, ২০১৫ পর্যন্ত

ক্রমিক নং	এনজিও	কি বিষয়ে তারা কাজ	উপকারভোগীর সংখ্যা	প্রকল্প গুলোর মেয়াদকাল
	Bangladesh (FIVDB)			
	গ্রামীণ ব্যাংক	ক্ষুদ্রঋণ	৪৭০০	মে, ১৯৯০ থেকে চলমান

খেলার মাঠ

শাল্লা উপজেলায় মোট ৩ টি খেলার মাঠ রয়েছে। খেলার মাঠগুলো উপজেলার ঘুঙ্গিয়ারগাঁও, আনন্দপুর এবং পাহাড়পুরে অবস্থিত। খেলার মাঠগুলোর মধ্যে ঘুঙ্গিয়ারগাঁও খেলার মাঠটি বন্যা লেভেলের উপরে হওয়ায় দুর্যোগের সময় এটি কাজে লাগে অর্থাৎ মানুষ ও গৃহপালিত পশুপাখি এখানে আশ্রয় নিতে পারে। **উৎসঃ উপজেলা পরিসংখ্যান অফিস, শাল্লা।**

কবরস্থান / শ্মশানঘাট

শাল্লা উপজেলায় মোট ১৬ টি কবরস্থান ও ১২ টি শ্মশানঘাট রয়েছে। এগুলো উপজেলার ৪ টি ইউনিয়নে অবস্থিত। উল্লেখ্য যে, উপজেলার সকল কবরস্থান ও শ্মশানঘাট বন্যা লেভেলের নীচে হওয়ায় দুর্যোগের সময় বা বর্ষাকালে মৃতদেহ সৎকার করা কষ্টকর হয়। **উৎসঃ উপজেলা পরিসংখ্যান অফিস, শাল্লা।**

যোগাযোগ ও পরিবহনের মাধ্যম

শাল্লা উপজেলায় যোগাযোগের মাধ্যম হল নৌকা, ভ্যান, মোটর সাইকেল, ট্রলি, ইঞ্জিনচালিত নৌকা ইত্যাদি পরিবহনের মাধ্যমে একস্থান থেকে অন্যস্থানে যাতায়াত করে থাকে। অত্র উপজেলায় ২৫ টি নৌকা, ৪৫ টি ভ্যান, ৭৫ টি মোটর সাইকেল, ১৫ টি ট্রলি ও ১৭৫ টি ইঞ্জিনচালিত নৌকা রয়েছে। **উৎসঃ উপজেলা পরিসংখ্যান অফিস, শাল্লা।**

বন ও বনায়ন

শাল্লা উপজেলায় ৫ কিলোমিটার সরকারি রাস্তার পাশে স্ট্রিপ গার্ডেনিং অর্থাৎ বনাঞ্চল রয়েছে । এ বনাঞ্চলে মেহগনি, আকাশমণি, রেইনট্রি, কদম, অর্জুন, জারুল, হিজল ইত্যাদি গাছ রয়েছে। বেসরকারি উদ্যোগে কোন গড়ে ওঠেনি। এছাড়া, এলাকার জনগণ বাড়ির চারপাশে নিজ উদ্যোগে বনায়ন করে থাকে। **উৎসঃ ফরেস্ট রেঞ্জার, সুনামগঞ্জ।**

১.৪.৩ আবহাওয়া ও জলবায়ু

বৃষ্টিপাতের ধারা

শাল্লা উপজেলার বৃষ্টিপাতের ধারা বিশ্লেষণ করে দেখা গেছে যে, গড় দৈনিক বৃষ্টিপাতের পরিমাণ প্রায় একই রকম। এই অঞ্চলের বার্ষিক গড় বৃষ্টিপাতের পরিমাণ ৪০৫৫ মিলি মিটার। প্রায় সারা বছর জুড়েই বৃষ্টিপাত হয়। মে থেকে সেপ্টেম্বর মাস পর্যন্ত বৃষ্টিপাত বেশি হয়। তবে শীতকালে বৃষ্টিপাত খুবই কম হয়। গড় বৃষ্টিপাতের পরিমাণ এ উপজেলায় সাধারণতঃ গ্রীষ্মকালে ১২২০ মিলি মিটার, বর্ষাকালে ২৩০০ মিলি মিটার এবং শীতকালে ৫৩৫ মিলি মিটার বৃষ্টিপাত হয়। এ উপজেলায় বৃষ্টিপাতের পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে। বৃষ্টিপাতের এ পরিবর্তনের ধারা জলবায়ু পরিবর্তনের ইঙ্গিত বহন করে কিনা সে বিষয়ে আরও গবেষণার প্রয়োজন রয়েছে। বৃষ্টিপাতের ধারা পরিবর্তন হওয়ায় মৌসুমী বৃষ্টিপাতের সময় পিছিয়ে যাচ্ছে, ফলে কৃষি ব্যবস্থার কিছুটা পরিবর্তন হয়েছে, উৎপাদন ব্যয় বেশি হচ্ছে এবং উৎপাদনও কম হচ্ছে। সেইসাথে ফসলে রোগবালাই ও পোকার আক্রমণ বেশি হচ্ছে। এতে মানুষের জীবন-জীবিকার উপর বিরাট নেতিবাচক প্রভব পড়ে। **উৎসঃ উপজেলা কৃষি অফিস, শাল্লা।**

তাপমাত্রা

শাল্লা উপজেলায় গ্রীষ্মকালের সর্বোচ্চ তাপমাত্রা ৩৮ ডিগ্রি সেন্টিগ্রেড এবং সর্বনিম্ন তাপমাত্রা ২৮ ডিগ্রি সেন্টিগ্রেড এবং শীতকালের সর্বোচ্চ তাপমাত্রা ২০ ডিগ্রি সেন্টিগ্রেড এবং সর্বনিম্ন তাপমাত্রা ১১ ডিগ্রি সেন্টিগ্রেড। বর্তমানে উপজেলার তাপমাত্রার পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে অর্থাৎ তাপমাত্রা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এলাকাবাসীর অভিজ্ঞতা থেকে জানা যায় যে, তাপমাত্রা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। বিশেষ করে ৭-৮ বছর তাপমাত্রা এত বেশি বৃদ্ধি পেয়েছে যে মানুষের স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত হচ্ছে। তাপমাত্রা বৃদ্ধির ফলে কৃষি চাষ পদ্ধতি হুমকির মুখে। এরকম পরিস্থিতি চলতে থাকলে ভবিষ্যৎ ঝুঁকি আরো বাড়বে। **উৎসঃ উপজেলা কৃষি অফিস, শাল্লা।**

ভূ-গর্ভস্থ পানির স্তর

শাল্লা উপজেলায় ভূ-গর্ভস্থ পানির স্তর বর্তমানে ৫৮৫ ফুট নীচে। উপজেলায় ভূ-গর্ভস্থ পানির স্তরের পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে অর্থাৎ ভূ-গর্ভস্থ পানির স্তর দিন দিন নীচে নেমে যাচ্ছে। পূর্বে এ উপজেলায় ভূ-গর্ভস্থ পানির স্তর ছিল ৩২০ ফুট থেকে ৩৫০ ফুট নীচে। শুষ্ক মৌসুমে ভূ-গর্ভস্থ পানির স্তর নীচে নেমে যাওয়ার করণে অত্র এলাকায় খাবার ও সেচের পানির সংকট দেখা দেয়। **উৎসঃ উপজেলা কৃষি অফিস, শাল্লা।**

১.৪.৪ অন্যান্য

ভূমি ও ভূমির ব্যবহার

শাল্লা উপজেলায় মোট ২৮,২৮৩ হেক্টর কৃষি জমি রয়েছে। তন্মধ্যে আবাদি জমির পরিমাণ ২২,৭১৩ হেক্টর এবং অনাবাদি জমির পরিমাণ ৫,৫৭১ হেক্টর। আবাদি জমির মধ্যে এক ফসলী জমির পরিমাণ ১৭,২১২ হেক্টর এবং দু'ফসলী জমির পরিমাণ ৫,৫০০ হেক্টর। তবে এখানে কোন তিন ফসলী জমি নেই। এছাড়া, বসতি এলাকার মোট জমির পরিমাণ ১০৬ হেক্টর। **উৎসঃ উপজেলা কৃষি অফিস, শাল্লা।**

কৃষি ও খাদ্য

শাল্লা উপজেলায় প্রধান ফসলগুলো হলঃ ধান (বোরো ও আমন), গোলআলু ও শাকসব্জি ইত্যাদি। উপজেলার আবাদকৃত ফসলী জমি ও উৎপাদন পরিসংখ্যান (ফেব্রুয়ারি ২০১৪) নিম্নরূপঃ

ক্র/নং	ফসলের নাম	ফসলী জমি (হেক্টরে)	উৎপাদন (মে. টনে)	মন্তব্য
১	বোরো	১৭২১২	৮৪,২৬০ (চাউল)	
২	আমন	৬৫০	৮৫০ (চাউল)	
৩	আলু	৪০	১৬০	
৪	শাকসব্জি	৫০	১১৬	

২০১০ সালের আগাম বন্যায় ১৫৯৮৪ হেক্টর জমির বোরো ফসল সম্পূর্ণ নষ্ট হয় এবং ৪৯১৬ হেক্টর জমির বোরো ফসল আংশিক ক্ষতিগ্রস্ত হয়। এছাড়া, ১৯৯৯ সালের আগাম বন্যায় ১১৭৫৩ হেক্টর জমির বোরো ফসল সম্পূর্ণ নষ্ট হয় এবং ৩৭১৩ হেক্টর জমির বোরো ফসল আংশিক ক্ষতিগ্রস্ত হয়। অত্র এলাকার প্রধান খাদ্যসমূহ হল- ভাত, মাছ ও শাকসব্জি। **উৎসঃ উপজেলা কৃষি অফিস, শাল্লা।**

নদী

শাল্লা উপজেলার মধ্য দিয়ে ছোট বড় ৬ টি নদী প্রবাহিত হয়েছে। নদীগুলো হল দারাইন, কালনী, চামতি, কুশিয়ারা, আন্দারাইন, এবং কাজুয়া। নদী থাকার করণে এলাকার যথেষ্ট উন্নয়ন ঘটছে। যেমন মালামাল পরিবহনে ব্যয় কম হচ্ছে। বালি, পাথর ও মাছ খুব অল্প সময়ে একস্থান থেকে অন্যস্থানে নেয়া যাচ্ছে। এছাড়া, নদীগুলোর পানি সেচের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। অপকারের দিক থেকে বলতে গেলে বলা যায় নদী ভাঙ্গনের ফলে প্রতি বছরে কিছু না কিছু বসতভিটা ও ফসলী জমি নদীগর্ভে বিলীন হয়ে যাচ্ছে। এছাড়া পলি পড়ে নদী ভরাট হয়ে হয়ে যাচ্ছে। ফলে আবাদযোগ্য জমির পরিমাণ ক্রমান্বয়ে হ্রাস পাচ্ছে এবং নদীর নাব্যতা হ্রাস পাচ্ছে **উৎসঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সুনামগঞ্জ।**

পুকুর

শাল্লা উপজেলায় ২৩৬ টি পুকুর রয়েছে। এসব পুকুর থেকে মাছ বিক্রয় করে প্রতিবছর বিপুল অঙ্কের টাকা আয় হচ্ছে যা সামাজিক উন্নয়নে অগ্রণী ভূমিকা রাখছে। এছাড়া, পুকুরের পানি গৃহস্থালীর কাজে ব্যবহৃত হয়। **উৎসঃ উপজেলা মৎস অফিস, শাল্লা।**

খাল

শাল্লা উপজেলার মধ্য দিয়ে ১২১ টি খাল প্রবাহিত হয়েছে। উক্ত খালে বিভিন্ন প্রকারের মাছ পাওয়া যায়। এছাড়া এর পানি দিয়ে হাওরের ধানক্ষেতে সেচ দেয়া হয়। অপকারের দিক থেকে বলতে গেলে বলা যায় ভাঙ্গনের ফলে প্রতি বছরে কিছু না কিছু ফসলী জমি খালগর্ভে বিলীন হয়ে যাচ্ছে। ফলে আবাদযোগ্য জমির পরিমাণ ক্রমান্বয়ে হ্রাস পাচ্ছে। এছাড়া, পলি পড়ে খাল ভরাট হয়ে হয়ে যাচ্ছে। **উৎসঃ উপজেলা মৎস অফিস, শাল্লা।**

বিল

শাল্লা উপজেলার ৯৩ টি বিল রয়েছে। এ উপজেলায় ২০ একরের উর্ধ্বে ৪৩ টি, ২০ একরের নীচে ৪৭ টি এবং উন্মুক্ত বিল ৩ টি । সবগুলো বিলে পর্যাপ্ত পানি থাকায় অধিক মাছ উৎপাদন সম্ভব হচ্ছে। এখানে বিভিন্ন প্রকারের মাছ পাওয়া যায়। এর পানি দিয়ে হাওরের ধানক্ষেতে সেচ দেয়া হয়। কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে এবং পুষ্টির চাহিদা পুরণ হচ্ছে। এছাড়া বিলগুলো বিভিন্ন প্রকার পাখির বিচরণক্ষেত্র। এর ফলে জীব বৈচিত্র রক্ষা পাচ্ছে। বিল সেচে মাছ ধরা এ উপজেলার একটি সাধারণ চিত্র। এতে মাছের প্রজননক্ষেত্র নষ্ট হচ্ছে। এছাড়া, শীতকালে খালবিল সেচে মাছ ধরা এবং বর্ষার শুরুতে কোনা জাল অথবা কারেন্ট জাল দিয়ে মাছের পোনা ধরার ফলে অত্র উপজেলায় মাছ উৎপাদন মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। আবার জাল যার জলা তার এ শ্লোগান প্রচলিত থাকলেও এতে জেলেদের প্রবেশোধিকার সীমিত। বিলের তালিকা সংযুক্তি-১৩ এ যুক্ত করা হল। **উৎসঃ উপজেলা মৎস অফিস, শাল্লা।**

হাওড়

শাল্লা উপজেলায় ৭ টি হাওর রয়েছে, যেমন, ছায়ার হাওর, কালিগোটার হাওর, গাছেরডর হাওর, বেড়াডহর হাওর, বাগুয়া হাওর, ভান্ডার হাওর ও পোড়ারপাড় হাওর । ছায়ার হাওরের আয়তন ৩৪০০ হেক্টর, কালিগোটার হাওরের আয়তন ৩৩০০ হেক্টর, গাছেরডর

হাওরের আয়তন ১৭১৩ হেক্টর, বেড়াডহর হাওরের আয়তন ৩০৬৭ হেক্টর, বাগুয়া হাওরের আয়তন ২১৭৩ হেক্টর, ভান্ডার হাওরের আয়তন ১৪০০ হেক্টর এবং পোড়ারপাড় হাওরের আয়তন ২৭৯৩ হেক্টর । হাওরগুলোতে বর্ষাকালে মাছ পাওয়া যায় এবং বোরো মৌসুমে ধানচাষ করা হয়। এছাড়া, হাওরগুলো বর্ষাকালে নৌযোগাযোগের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। **উৎসঃ উপজেলা কৃষি অফিস, শাল্লা।**

আর্সেনিক দুষণ

শাল্লা উপজেলায় আল্প মাত্রায় আর্সেনিক দূষণ রয়েছে। দূষণের মাত্রা ০.১%। উপজেলার ৬ টি (০.২৮৪%) নলকূপে আর্সেনিক পাওয়া গিয়েছে। যার সবগুলো লাল কালিতে চিহ্নিত করা হয়েছে। এর ফলে এলাকার জনগণ এগুলোর পানি ব্যবহার করছে না। এতে এ উপজেলায় কোন আর্সেনিকোসিস রোগের প্রদুর্ভাব ঘটছে না। **উৎসঃ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, শাল্লা।**

২.১ দুর্যোগের সার্বিক ইতিহাস

সুনামগঞ্জ জেলার শাল্লা উপজেলা অত্যন্ত দুর্যোগ ঝুঁকিপ্রবণ এলাকা। এখানকার মানুষের জীবন জীবিকার অন্যতম সঙ্গী হল কৃষি। এখানে উন্নয়নের মূল প্রতিবন্ধকতা হল বিভিন্ন প্রকারের দুর্যোগ। আগাম বন্যা এই উপজেলার প্রধান দুর্যোগ। এছাড়া এ উপজেলার উল্লেখযোগ্য দুর্যোগসমূহ হল মৌসুমী বন্যা, কালবৈশাখী ঝড়, শিলাবৃষ্টি, খরা ইত্যাদি।

প্রাকৃতিক দুর্যোগ এ উপজেলায় একটি নিত্যনৈমাত্তিক ব্যাপার। এখানে সারা বছরই কোন না কোন দুর্যোগ লেগে থাকে। এখানকার আবহাওয়া ও জলবায়ু দিন দিন চরমভাবাপন্ন হয়ে উঠছে। জলবায়ু পরিবর্তনজনিত কারণে এ উপজেলায় ঘনঘন প্রাকৃতিক দুর্যোগ আঘাত হানছে ফলে জীববৈচিত্র নষ্ট হচ্ছে এবং মানুষের পেশার পরিবর্তন হচ্ছে। সবচেয়ে ভয়াবহ অবস্থা হল সাধারণ মানুষ হারিয়েছে তাদের জীবন ও জীবিকা নির্বাহের নানামূখী কর্মক্ষেত্র। যে সকল জনগোষ্ঠী বিপদাপন্ন, যাদের পূর্ব প্রস্তুতি নেই এবং যারা প্রকৃতির কাছে অরক্ষিত, তারাই মূলতঃ দুর্যোগের শিকার হয় সবচেয়ে বেশি।

অতি বৃষ্টিপাতের ফলে মেঘালয়ের পাহাড়ি ঢল দারাইন নদী দিয়ে প্রবেশ করে মূলতঃ শাল্লায় আগাম বন্যার সৃষ্টি করে। এতে ঐ এলাকার বিভিন্ন হাওর যেমন, ছায়ার হাওর, কালিগোটার হাওর, গাছেরডর হাওর, বেড়াডহর হাওর, বাগুয়া হাওর, ভান্ডার হাওর ও পোড়ারপাড় হাওরের বোরো ফসল নষ্ট হয়। বর্ষা মৌসুম শুরু হওয়ার আগেই অর্থাৎ চৈত্র মাসের শেষের দিকে অথবা বৈশাখ মাসের প্রথম দিকে এ উপজেলায় আগাম বন্যা সংগঠিত হয়ে থাকে। এছাড়া, পলি পড়ে দারাইন নদী ভরাট হয়ে গিয়েছে। এজন্য দারাইন নদী ড্রেজিং করা প্রয়োজন। আগাম বন্যার হাত থেকে ফসল রক্ষার জন্য দ্রুত ফসল কেটে বাহনের অভাবে নিয়ে আসা যায় না। এতে কাটা ফসল পানিতে নষ্ট হয়। এক্ষেত্রে ট্রাক্টরের ব্যবস্থা করা গেলে সবখান থেকে ধান আনা নেয়া যাবে। পাহাড়ী ঢল ও প্রচন্ড বৃষ্টিপাতের ফলে আষাঢ় মাস হতে আশ্বিন মাস পর্যন্ত এ উপজেলায় মৌসুমী বন্যা হয়। বর্ষাকালে পুরো এলাকা পানিতে থৈ থৈ করে। তখন দূর থেকে দেখলে একেকটি গ্রামকে কচুরী পানার মতো মনে হয়। এসময় হাওরে বাতাসের কারণে ঢেউয়ের (আফাল) সৃষ্টি হয়। এতে ঘরবাড়ি, রাস্তাঘাট, ব্রীজ, কালভার্ট, পশু সম্পদ, শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় প্রতিষ্ঠান, গাছপালা ও বেরীবাধ ক্ষতিগ্রস্ত হয়। এছাড়া, নৌকাডুবিতেও প্রাণহাণী ঘটে। এ উপজেলায় সাধারণতঃ চৈত্র মাসের শেষ থেকে জ্যৈষ্ঠ মাসের প্রথম সপ্তাহ পর্যন্ত কালবৈশাখী ঝড় হয়। এর ফলে বোরো ফসল, ঘরবাড়ি, গবাদি পশু ও পাখি, গাছপালা এবং বনজ সম্পদ, বৈদ্যুতিক তার ও খুটি এবং শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয়। খাদ্য সংকট দেখা দেয়, নৌকা ও লঞ্চ ডুবি হয়ে জানমালের ক্ষতি হয় এবং গো খাদ্যের অভাব দেখা দেয়। এ উপজেলায় সাধারণতঃ ফাল্গুন মাসের শুরু থেকে বৈশাখ মাস পর্যন্ত খরা হয়। এতে বোরো ফসল, গবাদি পশু ও পাখি, গাছপালা এবং বনজ সম্পদ ক্ষতিগ্রস্ত হয়। খাদ্য সংকট দেখা দেয় এবং গো খাদ্যের অভাব দেখা দেয়। শাল্লার যোগাযোগ ব্যবস্থা বিশেষ করে রাস্তাঘাট নেই বললেই চলে। তাই এ উপজেলার রাস্তাঘাট তৈরি করা দরকার। এছাড়া, কমিউনিটি টয়লেট স্থাপন, কাটাখালিতে স্লুইজ গেট নির্মাণ এবং মাটির কেল্লা তৈরি করা প্রয়োজন।

অতীতে মৌসুমী বন্যার পানি বিপদসীমার ৩৩ সেঃমিঃ উপরে প্রবাহিত হয়েছিল এবং এই পানি ৪ থেকে ৫ দিনের মধ্যে বেড়েছিল। এরপর এ পানি প্রায় ৩০ দিন স্থায়ী ছিল। অতি বৃষ্টিপাতের ফলে মেঘালয়ের পাহাড়ি ঢল দারাইন নদী দিয়ে প্রবেশ করে মূলতঃ শাল্লায় মৌসুমী বন্যার সৃষ্টি করে। বন্যার পানি মেঘালয় পাহাড় হয়ে দারাইন নদী দিয়ে কুশিয়ারা নদী হয়ে কালনী নদীর দিকে প্রবাহিত হয়েছিল। মানুষ সাধারণতঃ যেসকল দুর্ভোগ বা অসুবিধার সম্মুখীন হয় তা হল যোগাযোগের অসুবিধা হয়, খাদ্যের সমস্যা, আশ্রয়, জরুরী চিকিৎসা, কর্মসংস্থান এর অভাব দেখা দেয়, মানসিক অস্থিরতা ইত্যাদি সমস্যার সৃস্টি হয় । ২০০৪ সালের মৌসুমী বন্যায় ৭০১৯ টি ঘরবাড়ি (আংশিক), ৩৭৯৩ টি বসতভিটা (আংশিক), ২৭ টি ধর্মীয় প্রতিষ্ঠান (আংশিক) ক্ষতিগ্রস্ত হয় এবং ১৩ কি.মি. রাস্তা আংশিক ক্ষতিগ্রস্ত হয়। শাল্লার প্রতিটি ইউনিয়নে প্রায় প্রতিবছর দুর্যোগ হয় এবং জনসাধারণের জীবন ও জীবিকার উপর বিরূপ প্রভাব ফেলে। এতে বিভিন্ন প্রকারের উন্নয়ন প্রচেষ্টা বা উদ্যোগ ব্যহত হয়।

দুর্যোগের নাম	বছর	ক্ষতির পরিমাণ	কোন্ কোন্ খাত/উপাদান ক্ষতিগ্রস্থ হয়
আগাম বন্যা	১৯৯৯ ও ২০১০	২০১০ সালের আগাম বন্যায় ১৫৯৮৪ হেক্টর (৭০.৩৭%) জমির বোরো ফসল সম্পূর্ণ, ৪৯১৬ হেক্টর (২১.৬৪%) জমির বোরো ফসল আংশিক, ২৭ কি.মি. (১৯.৭%) রাস্তা এবং ১৯ কি.মি. (২০.৮৫%) বেড়িবাঁধ আংশিক ক্ষতিগ্রস্ত হয়। ১৯৯৯ সালের আগাম বন্যায় ১১৭৫৩ হেক্টর (৫১.৭৪%) জমির বোরো ফসল সম্পূর্ণ,	রাস্তাঘাট, ব্রীজ, কালভার্ট, ঘরবাড়ি, বীজতলা, ফসলের জমি, শিক্ষা প্রতিষ্টান, ধর্মীয় প্রতিষ্টান, গাছপালা, বেরীবাধ ক্ষতিগ্রস্থ হয়।

দুর্যোগের নাম	বছর	ক্ষতির পরিমাণ	কোন্ কোন্ খাত/উপাদান ক্ষতিগ্রস্থ হয়
		৩৭১৩ হেক্টর (১৬.৩৪%) জমির বোরো ফসল আংশিক এবং ১৩ কি.মি. (৯.৪৮%) রাস্তা আংশিক ক্ষতিগ্রস্ত হয়।	
মৌসুমী বন্যা	২০০৪ ও ২০০৭	২০০৪ সালের মৌসুমী বন্যায় ১১,৫৯২ টি (৩১.৮%) ঘরবাড়ি (আংশিক), ১৩ কি.মি. (৯.৪৮%) রাস্তা (আংশিক), ৫৪ কি.মি. (৫৯.২৭%) বেড়ীবাঁধ, ১১ টি (৮.৫৯%) শিক্ষা প্রতিষ্ঠান, ২৭ টি (৩১.৭৬%) ধর্মীয় প্রতিষ্ঠান (আংশিক), ৪৮৬৮ টি গাছপালা, ১০০ টি (৪.৭৪%) নলকূপ এবং ১২৮৫ টি (৭.৫%) পায়খানা ক্ষতিগ্রস্ত হয়। ২০০৭ সালের মৌসুমী বন্যায় ৫১৫৩ টি (১৩.৮১%) ঘরবাড়ি (সম্পূর্ণ), ৩৫১৩ টি (৯.৪২%) ঘরবাড়ি (আংশিক), ২২ টি (২৫.৮৮%) ধর্মীয় প্রতিষ্ঠান (আংশিক) ক্ষতিগ্রস্ত হয়। এছাড়া, ৭ জন (০.০০৬%) মানুষ মারা যায়।	রাস্তাঘাট, ব্রীজ, কালভার্ট, ঘরবাড়ি, বীজতলা, ফসলের জমি, পশু সম্পদ, শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় প্রতিষ্ঠান, গাছপালা ও বেরীবাধ ক্ষতিগ্রস্ত হয়।
কাল বৈশাখী ঝড়	২০১০ ও ২০১৪	২০১০ সালের কাল বৈশাখী ঝড়ে ৪৬০ টি (১.২৩%) ঘরবাড়ি (সম্পূর্ণ) ও ১২১৯ টি (৩.২৬%) ঘরবাড়ি (আংশিক), ১৩২ টি গাছপালা, ৫ টি (৩.৯%) শিক্ষা প্রতিষ্ঠান, ৫ টি (৫.৮৮%) ধর্মীয় প্রতিষ্ঠান, ১১ টি (০.০৬%) পায়খানা এবং ৬ টি বিদ্যুতের খুটি ক্ষতিগ্রস্ত হয়। ২০১৪ সালের কাল বৈশাখী ঝড়ে ৩১৯ টি (০.৮৫%) ঘরবাড়ি (সম্পূর্ণ), ১৯২১ টি (৫.১৪%) ঘরবাড়ি (আংশিক) এবং ৩ টি (৩.৫২%) ধর্মীয় প্রতিষ্ঠান (আংশিক) ক্ষতিগ্রস্ত হয়।	বোরো ফসল, ঘরবাড়ি, গবাদি পশু ও পাখি, গাছপালা এবং বনজ সম্পদ, বৈদ্যুতিক তার ও খুটি, শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয়। এতে প্রাণহানীও ঘটে। খাদ্য সংকট দেখা দেয় এবং নৌকা ও লঞ্চ ডুবি হয়ে জানমালের ক্ষতি হয়।
শিলাবৃষ্টি	১৯৯৮ ও ২০১১	১৯৯৮ সালের শিলাবৃষ্টিতে ৫১৯ হেক্টর (২.২৮%) জমির বোরো ফসল সম্পূর্ণ এবং ৩৭১৩ হেক্টর (১৬.৩৪%) জমির বোরো ফসল আংশিক ক্ষতিগ্রস্ত হয়। ২০১১ সালের শিলাবৃষ্টিতে ২৩২৭ হেক্টর (১০.২৪%) জমির বোরো ফসল আংশিক ক্ষতিগ্রস্ত হয়।	বোরো ফসল, শাকসব্জি, ফল, ঘরবাড়ি, গবাদি পশু ও পাখি ক্ষতিগ্রস্ত হয়।
খরা	২০১১ ও ২০১৩	২০১১ সালের খরায় ৪১৩৭ হেক্টর (১৮.২১%) জমির বোরো ধান (আংশিক) ক্ষতিগ্রস্ত হয়। ২০১৩ সালের খরায় ২৩১৯ হেক্টর (১০.২১%) জমির বোরো ফসল (আংশিক) ক্ষতিগ্রস্ত হয়।	বোরো ফসল, গবাদি পশু ও পাখি, গাছপালা এবং বনজ সম্পদ, ক্ষতিগ্রস্ত হয়। খাদ্য সংকট দেখা দেয় এবং গো খাদ্যের অভাব দেখা দেয়।

২.২ উপজেলার আপদসমুহ

ক্রমিক	আপদ	অগ্রাধিকার	স্তর
০১	আগাম বন্যা	আগাম বন্যা	১ম
০২	কাল বৈশাখী ঝড়	মৌসুমী বন্যা	২য়
০৩	শিলা বৃষ্টি	কাল বৈশাখী ঝড়	৩য়
০৪	মৌসুমী বন্যা	শিলাবৃষ্টি	৪র্থ
০৫	খরা	খরা	৫ম

২.৩ বিভিন্ন আপদ ও তার বর্তমান ও ভবিষ্যৎ চিত্র বিস্তারিত বর্ননাঃ

আগাম বন্যাঃ ব্যাপক মাত্রায় আগাম বন্যা কবলিত একটি এলাকা শাল্লা উপজেলা। বর্ষা মৌসুম শুরু হওয়ার আগেই সীমান্তের ওপার থেকে নেমে আসা পাহাড়ি ঢলে মুলতঃ শাল্লায় আগাম বন্যার সৃষ্টি হয়। সাধারণতঃ হঠাৎ করে পাহাড়ে মাত্রারিক্ত বৃষ্টি হলে এ অঞ্চলে আগাম বন্যা দেখা দেয়। চৈত্র মাসের শেষের দিকে অথবা বৈশাখ মাসের প্রথম দিকে আগাম বন্যা সংগঠিত হয়ে থাকে। অতি বৃষ্টিপাতের ফলে মেঘালয়ের পাহাড়ি ঢল দারাইন নদী দিয়ে প্রবেশ করে মূলতঃ শাল্লায় আগাম বন্যার সৃষ্টি করে। এতে ঐ এলাকার বিভিন্ন হাওর যেমন, ছায়ার হাওর, কালিগোটার হাওর, গাছেরডর হাওর, বেড়াডহর হাওর, বাগুয়া হাওর, ভান্ডার হাওর ও পোড়ারপাড় হাওরের বোরো ফসল ক্ষতিগ্রস্ত হয়।

আগাম বন্যায় এলাকার কৃষি, মৎস্য, অবকাঠামো, আবাসন, শিক্ষা, যোগাযোগ প্রভৃতি খাতের ব্যাপক ক্ষতি সাধিত হয়। এতে মানুষের জীবিকার উপর নেতিবাচক প্রভাব ফেলে। ১৯৯৯ সালের আগাম বন্যায় ১১৭৫৩ হেক্টর জমির বোরো ফসল সম্পূর্ণ, ৩৭১৩ হেক্টর জমির বোরো ফসল আংশিক এবং ১৩ কি.মি. রাস্তা আংশিক ক্ষতিগ্রস্ত হয়। ২০১০ সালের আগাম বন্যায় ১৫৯৮৪ হেক্টর জমির বোরো ফসল সম্পূর্ণ, ৪৯১৬ হেক্টর জমির বোরো ফসল আংশিক, ২৭ কি.মি. রাস্তা এবং ১৯ কি.মি. বেড়িবাঁধ আংশিক ক্ষতিগ্রস্ত হয়। প্রতি বছর বন্যা হলেও ১৯৯৯ ও ২০১০ সালের আগাম বন্যা ছিল সবচেয়ে ব্যাপক। শাল্লা উপজেলার ২০১০ সালের আগাম বন্যায় ইউনিয় ভিত্তিক ক্ষয়ক্ষতির পরিমাণ নিম্নরূপঃ

আটগাঁও ইউনিয়ন

২০১০ সালের আগাম বন্যায় শাল্লা উপজেলার আটগাঁও ইউনিয়নে ৪১৯০ হেক্টর জমির বোরো ফসল সম্পূর্ণ, ৯৬৬ হেক্টর জমির বোরো ফসল আংশিক এবং ৯ কি.মি. রাস্তা, ৭ কি.মি. বেড়িবাঁধ আংশিক ক্ষতিগ্রস্ত হয়। যার ফলে ২৪৬৮ কৃষক পরিবার প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হয়।

বাহাড়া ইউনিয়ন

২০১০ সালের আগাম বন্যায় শাল্লা উপজেলার বাহাড়া ইউনিয়নে ৩৫৮৪ হেক্টর জমির বোরো ফসল সম্পূর্ণ, ১৪২০ হেক্টর জমির বোরো ফসল আংশিক এবং ৫ কি.মি. রাস্তা, ৩ কি.মি. বেড়িবাঁধ আংশিক ক্ষতিগ্রস্ত হয়। যার ফলে ২৭৯৬ কৃষক পরিবার প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হয়।

হবিবপুর ইউনিয়ন

২০১০ সালের আগাম বন্যায় শাল্লা উপজেলার হবিবপুর ইউনিয়নে ৩৯৬০ হেক্টর জমির বোরো ফসল সম্পূর্ণ, ১১৮০ হেক্টর জমির বোরো ফসল আংশিক এবং ৬ কি.মি. রাস্তা, ৪ কি.মি. বেড়িবাঁধ আংশিক ক্ষতিগ্রস্ত হয়। যার ফলে ২৪২০ কৃষক পরিবার প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হয়।

শাল্লা ইউনিয়ন

২০১০ সালের আগাম বন্যায় শাল্লা উপজেলার শাল্লা ইউনিয়নে ৪২৫০ হেক্টর জমির বোরো ফসল সম্পূর্ণ, ১৩৫০ হেক্টর জমির বোরো ফসল আংশিক এবং ৭ কি.মি. রাস্তা, ৫ কি.মি. বেড়িবাঁধ আংশিক ক্ষতিগ্রস্ত হয়। যার ফলে ২৬১০ কৃষক পরিবার প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হয়।

জলবায়ু পরিবর্তনের কারণে ভবিষ্যতে আগাম বন্যা ঘন ঘন হতে পারে এবং এর ব্যাপকতাও বৃদ্ধি পেতে পারে। এসময় গো-খাদ্যের ব্যাপক সংকট দেখা দিতে পারে, দিনমজুরদের কর্মসংস্থানের সুযোগ আরো কমে আসতে পারে এবং ব্যবসায়ে মন্দা দেখা দিতে পারে। ভবিষ্যতে শাল্লা উপজেলায় আগাম বন্যায় ইউনিয়নভিত্তিক যেরূপ ক্ষয়ক্ষতি হওয়ার সম্ভাবনা রয়েছে তা নিম্নরূপঃ

আটগাঁও ইউনিয়ন

প্রবল বর্ষণ ও মেঘালয়ের পাহাড়ি ঢলের ফলে শাল্লা উপজেলায় আগাম বন্যা হলে কিংবা ২০১০ সালের আগাম বন্যার মতো আঘাত হানলে আটগাঁও ইউনিয়নের ৪৫৭৩ হেক্টর জমির বোরো ফসল সম্পূর্ণ, ১২৫৫ হেক্টর জমির বোরো ফসল আংশিক এবং ১৩ কি.মি.

রাস্তা, ১৫ কি.মি. বেড়িবাঁধ আংশিক ক্ষতিগ্রস্ত হতে পারে। এর ফলে ৩৬৬৫ কৃষক পরিবার প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে।

বাহাড়া ইউনিয়ন

প্রবল বর্ষণ ও মেঘালয়ের পাহাড়ি ঢলের ফলে শাল্লা উপজেলায় আগাম বন্যা হলে কিংবা ২০১০ সালের আগাম বন্যার মতো আঘাত হানলে বাহাড়া ইউনিয়নের ৩৮২৩ হেক্টর জমির বোরো ফসল সম্পূর্ণ, ১৬৭০ হেক্টর জমির বোরো ফসল আংশিক এবং ৬ কি.মি. রাস্তা, ৮ কি.মি. বেড়িবাঁধ আংশিক ক্ষতিগ্রস্ত হতে পারে। এর ফলে ৩৫১৮ কৃষক পরিবার প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে।

হবিবপুর ইউনিয়ন

প্রবল বর্ষণ ও মেঘালয়ের পাহাড়ি ঢলের ফলে শাল্লা উপজেলায় আগাম বন্যা হলে কিংবা ২০১০ সালের আগাম বন্যার মতো আঘাত হানলে হবিবপুর ইউনিয়নের ৪৩৭২ হেক্টর জমির বোরো ফসল সম্পূর্ণ, ১৬২০ হেক্টর জমির বোরো ফসল আংশিক এবং ৭ কি.মি. রাস্তা, ৯ কি.মি. বেড়িবাঁধ আংশিক ক্ষতিগ্রস্ত হতে পারে। এর ফলে ৩৩৩৪ কৃষক পরিবার প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে।

শাল্লা ইউনিয়ন

প্রবল বর্ষণ ও মেঘালয়ের পাহাড়ি ঢলের ফলে শাল্লা উপজেলায় আগাম বন্যা হলে কিংবা ২০১০ সালের আগাম বন্যার মতো আঘাত হানলে শাল্লা ইউনিয়নের ৪৭৫২ হেক্টর জমির বোরো ফসল সম্পূর্ণ, ১৪৮০ হেক্টর জমির বোরো ফসল আংশিক এবং ৯.৫ কি.মি. রাস্তা, ১১ কি.মি. বেড়িবাঁধ আংশিক ক্ষতিগ্রস্ত হতে পারে। এর ফলে ৩৪৮০ কৃষক পরিবার প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে।

মৌসুমী বন্যাঃ শাল্লা উপজেলা ব্যাপক মাত্রায় বন্যা কবলিত একটি এলাকা। বর্ষা মৌসুমে অতি বৃষ্টিপাতের ফলে মেঘালয়ের পাহাড়ি ঢলে মুলতঃ অত্র উপজেলায় মৌসুমী বন্যার সৃষ্টি হয়। এখানে সাধারণতঃ আষাঢ় মাস হতে আশ্বিন মাস পর্যন্ত মৌসুমী বন্যা অব্যাহত থাকে। বর্ষাকালে পুরো এলাকা পানিতে থৈ থৈ করে। তখন দূর থেকে দেখলে একেকটি গ্রামকে কচুরী পানার মতো মনে হয়। এসময় হাওরে বাতাসের কারণে ঢেউয়ের (আফাল) সৃষ্টি হয়। তখন নৌকাডুবিতেও প্রাণহাণী ঘটে। মৌসুমী বন্যায় এলাকার কৃষি, মৎস্য, অবকাঠামো, আবাসন, শিক্ষা, যোগাযোগ প্রভৃতি খাতের ব্যাপক ক্ষতি সাধিত হয়। ২০০৭ সালের মৌসুমী বন্যায় ৫১৫৩ টি ঘরবাড়ি (সম্পূর্ণ), ৩৫১৩ টি ঘরবাড়ি (আংশিক), ২২ টি ধর্মীয় প্রতিষ্ঠান (আংশিক) ক্ষতিগ্রস্ত হয়। এছাড়া, ৭ জন মানুষ মারা যায়। ২০০৪ সালের মৌসুমী বন্যায় ১১,৫৯২ টি ঘরবাড়ি (আংশিক), ১৩ কি.মি. রাস্তা (আংশিক), ৫৪ কি.মি. বেড়ীবাঁধ, ১১ টি শিক্ষা প্রতিষ্ঠান, ২৭ টি ধর্মীয় প্রতিষ্ঠান (আংশিক), ৪৮৬৮ টি গাছপালা, ১০০ টি নলকূপ এবং ১২৮৫ টি পায়খানা ক্ষতিগ্রস্ত হয়।

মৌসুমী বন্যায় এলাকার স্বাস্থ্য, অবকাঠামো, আবাসন, শিক্ষা, যোগাযোগ, প্রভৃতি খাতের ব্যাপক ক্ষতি সাধিত হয়। বিশুদ্ধ পানির অভাবে মানুষের পানিবাহিত রোগ ও গবাদি পশুর বিভিন্ন ধরনের রোগবালাই দেখা দেয়; বাসস্থানের সংকট এবং গো-খাদ্যের সংকট দেখা দেয়। এসময় পশুপাখির প্রাণহানীও ঘটে। এছাড়া মৃতদেহ সৎকারে অসুবিধা হয়। প্রতি বছর বন্যা হলেও ২০০৪ এবং ২০০৭ সালের বন্যা ছিল সবচেয়ে ব্যাপক। অত্র উপজেলার ২০০৪ সালের মৌসুমী বন্যায় ইউনিয়ন ভিত্তিক ক্ষয়ক্ষতির পরিমাণ নিম্নরূপঃ

আটগাঁও ইউনিয়ন

২০০৪ সালের মৌসুমী বন্যায় শাল্লা উপজেলার আটগাঁও ইউনিয়নে ৩২৫৩ টি ঘরবাড়ি (আংশিক), ৪ কি.মি. রাস্তা (আংশিক), ১১ কি.মি. বেড়ীবাঁধ, ৫ টি শিক্ষা প্রতিষ্ঠান, ৭ টি ধর্মীয় প্রতিষ্ঠান (আংশিক), ২১২৭ টি গাছপালা, ২৯ টি নলকূপ এবং ৩২০ টি পায়খানা ক্ষতিগ্রস্ত হয়। যার ফলে ২১৯৪ পরিবার প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হয়।

বাহাড়া ইউনিয়ন

২০০৪ সালের মৌসুমী বন্যায় শাল্লা উপজেলার বাহাড়া ইউনিয়নে ২৫৭৬ টি ঘরবাড়ি (আংশিক), ৩ কি.মি. রাস্তা (আংশিক), ১৪ কি.মি. বেড়ীবাঁধ, ১ টি শিক্ষা প্রতিষ্ঠান, ৬ টি ধর্মীয় প্রতিষ্ঠান (আংশিক), ৫৪১ টি গাছপালা, ২১ টি নলকূপ এবং ৩২৭ টি পায়খানা ক্ষতিগ্রস্ত হয়। যার ফলে ২২৮৭ পরিবার প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হয়।

হবিবপুর ইউনিয়ন

২০০৪ সালের মৌসুমী বন্যায় শাল্লা উপজেলার হবিবপুর ইউনিয়নে ২৫৭১ টি ঘরবাড়ি (আংশিক), ২ কি.মি. রাস্তা (আংশিক), ১৭ কি.মি. বেড়ীবাঁধ, ২ টি শিক্ষা প্রতিষ্ঠান, ৬ টি ধর্মীয় প্রতিষ্ঠান (আংশিক), ১২২৫ টি গাছপালা, ২৩ টি নলকূপ এবং ৩২৪ টি পায়খানা ক্ষতিগ্রস্ত হয়। যার ফলে ৩৪৯৬ পরিবার প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হয়।

শাল্লা ইউনিয়ন

২০০৪ সালের মৌসুমী বন্যায় শাল্লা উপজেলার শাল্লা ইউনিয়নে ৩১৯২ টি ঘরবাড়ি (আংশিক), ৪ কি.মি. রাস্তা (আংশিক), ১২ কি.মি. বেড়ীবাঁধ, ৩ টি শিক্ষা প্রতিষ্ঠান, ৮ টি ধর্মীয় প্রতিষ্ঠান (আংশিক), ৯৭৫ টি গাছপালা, ২৭ টি নলকূপ এবং ৩১৪ টি পায়খানা ক্ষতিগ্রস্ত হয়। যার ফলে ৩০৪৫ পরিবার প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হয়।

পলি পড়ে নদী ও জমি ভরাট হওয়ায় ও জলবায়ু পরিবর্তনের কারণে এ উপজেলায় ভবিষ্যতে মৌসুমী বন্যা ঘন ঘন হতে পারে এবং এর ব্যাপকতাও বৃদ্ধি পেতে পারে। মৌসুমী বন্যায় এ উপজেলার ঘরবাড়ি, রাস্তাঘাট, বেড়ীবাঁধ, গাছপালা, শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠান, নলকূপ এবং পায়খানা ক্ষতিগ্রস্ত হতে পারে। এছাড়া, বিভিন্ন শ্রেণীর জনগোষ্ঠী পানিবাহিত রোগ ও গবাদি পশুপাখি বিভিন্ন ধরনের রোগবালাইয়ে আক্রান্ত হতে পারে। এসময় গো-খাদ্যের ব্যাপক সংকট দেখা দিতে পারে, দিনমজুরদের কর্মসংস্থানের সুযোগ আরো কমে আসতে পারে এবং ব্যবসায়ে মন্দা দেখা দিতে পারে। ভবিষ্যতে শাল্লা উপজেলায় মৌসুমী বন্যায় ইউনিয়নভিত্তিক যেরূপ ক্ষয়ক্ষতি হওয়ার সম্ভাবনা রয়েছে তা নিম্নরূপঃ

আটগাঁও ইউনিয়ন

